



ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)
Web-site: www.dpdc.org.bd

দপ্তর
নির্বাহী পরিচালক (অপারেশন)
বিদ্যুৎ ভবন (৩য় তলা)
১ নং আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৬৩৪০৭
E-mail: edo@dpdc.org.bd

স্মারক নং-৮৭.২০১.৪২৪.০০.০০.০০৬.২০১৯-৮০

তারিখ: ২৩/১১/২০২০ ইং।

বিষয়ঃ ২০২০-২০২১ অর্থ বছরের এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর ২০২০) অর্জন সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ২২/১১/২০২০ ইং তারিখে নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি মহোদয়ের সভাপতিত্বে ২০২০-২০২১ অর্থ বছরের এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর ২০২০) অর্জন সংক্রান্ত পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নির্বাহী পরিচালক (প্রকৌশল), প্রধান প্রকৌশলী (উন্নয়ন), প্রকল্প পরিচালক, প্রকল্প-১ ও প্রকল্প-২ এবং এপিএ কমিটির সকল সদস্যসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উক্ত সভায় নির্বাহী পরিচালক (অপারেশন) মহোদয় সকলকে শ্রুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	২০২০-২০২১ অর্থ বছরের এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর ২০২০) অর্জন সংক্রান্ত পর্যালোচনা	সভায় ১ম কোয়ার্টারের অর্জন সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় অবহিত করা হয় যে, নতুন বিতরণ লাইন নির্মাণ এর ক্ষেত্রে নির্মিত লাইনগুলোর বর্ণনা একটি টেবিলে দিতে হবে। কোন প্রকল্পের অধীন, আর্থিক সংস্থান কিভাবে হয়েছে, অর্থ পরিশোধ, সমাপ্তি প্রতিবেদন, অর্থ বছরের অবশিষ্ট সময়ের আরো কি পরিমাণ কাজ করতে হবে ইত্যাদি থাকতে হবে এবং অন্যান্য সূচকের ক্ষেত্রেও অনুরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে। সূচকের প্রমাণকসমূহ প্রতিনিধির মাধ্যমে প্রেরণ করতে হবে এবং অতিরিক্ত সচিব, সুশাসন ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ-কে বুকিয়ে দেয়ার জন্য মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরের এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর ২০২০) অর্জন এবং পরবর্তী করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয় এবং দিক নির্দেশনা প্রদান করা হয়।	মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক সূচকের প্রমাণকসমূহ প্রতিনিধির মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করাতে হবে এবং অতিরিক্ত সচিব, সুশাসন ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ-কে বুকিয়ে দিতে হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/ উপ-মহাব্যবস্থাপক (অর্থ) আরএ ও নির্বাহী প্রকৌশলী অত্র দপ্তর।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় নির্বাহী পরিচালক (অপারেশন) মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রকৌঃ এ.টি.এম. হারুন অর রশিদ)
নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি।

বিতরণঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি।
- ২। নির্বাহী পরিচালক (আডমিনিস্ট্রেশন এন্ড এইচআর/প্রকৌশল/অর্থ/আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি।
- ৩। কোম্পানি সচিব/প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক, ডিপিডিসি।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক, ডিপিডিসি।
- ৫। নির্বাহী প্রকৌশলী/ব্যবস্থাপক, ডিপিডিসি।
- ৬। অফিস কপি/মাস্টার ফাইল-০০১